



বাংলাদেশ  
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা,  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।


(গ) ইউজিসি গবেষণা/শিক্ষা সহায়ক তহবিল থেকে এম.ফিল/পিএইচ.ডি/পোস্ট-ডক্টোরাল গবেষণা কাজের তথ্য ও উপাত্ত সংগ্রহ এবং থিসিস কম্পোজ ও বাধাইকরণ বাবদ অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০১৭

এম.ফিল/পিএইচ.ডি/পোস্ট-ডক্টোরাল গবেষণা কাজের তথ্য ও উপাত্ত সংগ্রহ এবং থিসিস কম্পোজ ও বাধাইকরণে উৎসাহ প্রদানের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক গবেষণা/শিক্ষা সহায়ক তহবিল থেকে অনুদান প্রদান করা হয়।

ইউজিসি গবেষণা/শিক্ষা সহায়ক তহবিল থেকে এম.ফিল/পিএইচ.ডি/পোস্ট-ডক্টোরাল গবেষণা কাজের তথ্য ও উপাত্ত সংগ্রহ এবং থিসিস কম্পোজ ও বাধাইকরণ বাবদ অনুদান প্রাপ্তির শর্তাবলী :

- ১। এম.ফিল/পিএইচ.ডি/পোস্ট-ডক্টোরাল গবেষণা কাজের তথ্য ও উপাত্ত সংগ্রহের জন্য গবেষকগণ এ অনুদান প্রাপ্য হবেন। তবে এম.ফিল/পিএইচ.ডি/পোস্ট ডক্টোরাল গবেষকগণকে বাংলাদেশের যেকোন পাবলিক বিশ্ববিদ্যালয়ের নিবন্ধিত ফেলো হতে হবে।
- ২। কমিশনের এম.ফিল/পিএইচ.ডি/পোস্ট ডক্টোরাল ফেলোগণ এ তহবিল থেকে অনুদান প্রাপ্য হবেন না। তবে কমিশনে প্রথম শ্রেণীতে কর্মরত কর্মকর্তারা এ অনুদানের শর্ত পূরণ সাপেক্ষে অনুদান প্রাপ্য হবেন।
- ৩। আবেদনকারী ফেলো কমিশন কর্তৃপক্ষ কর্তৃক প্রণয়নকৃত নির্ধারিত ছকে আবেদন করবেন। যেখানে আবেদনকারীকে পূর্ণ নাম ও ঠিকানা সহ প্রোখামের নাম, গবেষণার শিরোনাম উল্লেখ করতে হবে।
- ৪। আবেদনকারী ফেলোকে নিবন্ধিত বিশ্ববিদ্যালয়, অনুঘদ, বিভাগের নাম উল্লেখ পূর্বক আবেদন ছক পূরণ করতে হবে।
- ৫। আবেদনকারী ফেলোকে অবশ্যই তত্ত্বাবধায়ক এবং সহযোগী তত্ত্বাবধায়কের নাম ও ঠিকানা সহ আবেদন ছক পূরণ করতে হবে।
- ৬। চাকুরীরত আবেদনকারী ফেলোকে যথাযথ কর্তৃপক্ষ অর্থাৎ প্রতিষ্ঠান কর্তৃপক্ষের শিক্ষা ছুটি বিষয়ে অনুমতিপত্র এবং প্রত্যয়ন পত্র সংযুক্ত সাপেক্ষে আবেদন করতে হবে।
- ৭। আবেদনকারী ফেলো ইউজিসি অথবা গবেষণারত বিশ্ববিদ্যালয় অথবা অন্য কোন প্রতিষ্ঠান থেকে কোন প্রকার বৃত্তি বা আর্থিক অনুদান প্রাপ্ত হলে তার একটি অনুলিপি প্রমাণপত্র স্বরূপ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৮। আবেদনকারীকে কমিশনের নির্ধারিত ছকে আবেদন করতে হবে। প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আবেদনপত্র পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন বরাবর প্রেরণ করতে হবে।
- ৯। দেশের অভ্যন্তরে গবেষণা কাজে তথ্য ও উপাত্ত সংগ্রহের জন্য এম.ফিল গবেষককে খোক বরাদ্দ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, পিএইচ.ডি গবেষককে খোক বরাদ্দ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং পোস্ট-ডক্টোরাল গবেষককে খোক বরাদ্দ ১৫,০০০/- (পনের হাজার) টাকা অনুদান প্রদান করা যেতে পারে।


- ১০। গবেষণা কাজে তথ্য ও উপাত্ত সংগ্রহের জন্য বিদেশে যাওয়ার ক্ষেত্রে থোক বরাদ্দ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অনুদান প্রদান করা যেতে পারে। এ ক্ষেত্রে গবেষককে সুপারভাইজারের সুপারিশ এবং প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতিপত্র জমা দিতে হবে।
- ১১। এফ.ফিল/পিএইচডি/পোস্ট ডক্টরাল গবেষণা পত্র নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্তভাবে গৃহীত হবার পর থিসিস কম্পোজ, প্রিন্টিং ও বাঁধাইকরণের জন্য এম.ফিল/পিএইচ.ডি/পোস্ট ডক্টরাল গবেষককে থোক বরাদ্দ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা অনুদান প্রদান করা যেতে পারে।
- ১২। কোন শিক্ষক/গবেষক ইতোপূর্বে এ তহবিল থেকে কোন প্রকার আর্থিক অনুদান পেয়ে থাকলে পরবর্তী ০২ (দুই) বছর অর্থাৎ ২৪ (মাস) সময় অতিক্রান্ত না হলে তাঁর আবেদনপত্র বিবেচনা করা যাবে না।




ড. দুর্গা রানী সরকার  
উপ-পরিচালক  
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন  
এবং  
সদস্য-সচিব  
গবেষণা সহায়ক তহবিল নীতিমালা, ২০১৭  
প্রণয়ন কমিটি  
ইউজিসি, ঢাকা।




মো: সামিউল আলম  
পরিচালক  
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন  
এবং  
সদস্য  
গবেষণা সহায়ক তহবিল নীতিমালা, ২০১৭  
প্রণয়ন কমিটি  
ইউজিসি, ঢাকা।




প্রফেসর ড. এম. শাহ নওয়াজ আলী  
সদস্য, ইউজিসি  
এবং  
সদস্য  
গবেষণা সহায়ক তহবিল নীতিমালা, ২০১৭  
প্রণয়ন কমিটি  
ইউজিসি, ঢাকা।



প্রফেসর ড. মদিল আফরোজা বেগম  
সদস্য, ইউজিসি  
এবং  
সদস্য  
গবেষণা সহায়ক তহবিল নীতিমালা, ২০১৭  
প্রণয়ন কমিটি  
ইউজিসি, ঢাকা।



প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা  
সদস্য, ইউজিসি  
এবং  
সদস্য  
গবেষণা সহায়ক তহবিল নীতিমালা, ২০১৭  
প্রণয়ন কমিটি  
ইউজিসি, ঢাকা।



প্রফেসর আবদুল মান্নান  
চেয়ারম্যান, ইউজিসি  
এবং  
আস্থায়ক  
গবেষণা সহায়ক তহবিল নীতিমালা, ২০১৭  
প্রণয়ন কমিটি  
ইউজিসি, ঢাকা।



বাংলাদেশ  
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

প্লট নং ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা (গ)

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

website: [www.ugc.gov.bd](http://www.ugc.gov.bd)

এম.ফিল/পিএইচ.ডি/পোস্ট ডক্টোরাল এর তৎ  
ও উপাত্ত সংগ্রহ এবং থিসিস বাঁধাইকরণের জ  
আর্থিক অনুদান প্রাপ্তির আবেদন ফরম (২০১৭)

ইউজিসি গবেষণা সহায়ক তহবিল থেকে এম.ফিল/পিএইচ.ডি/পোস্ট ডক্টোরাল ফেলোদের গবেষণার তথ্য ও উপাত্ত সংগ্রহ,  
ভ্রমণ, থিসিস বাঁধাইকরণ এবং অন্যান্য বিষয়ে আর্থিক অনুদান (থোক বরাদ্দ) প্রাপ্তির নির্ধারিত আবেদন ফরম।

এম.ফিল/পিএইচ.ডি/পোস্ট ডক্টোরাল গবেষণা কাজের তথ্য ও উপাত্ত সংগ্রহ এবং থিসিস কম্পোজ ও বাঁধাইকরণ বাবদ  
আর্থিক অনুদান প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত তথ্যগুলো যথাযথভাবে পূরণ করতে হবে :

১.	আবেদনকারীর পুরো নাম (বাংলায়) :  (ইংরেজিতে- ব্লক লেটার):	
২.	আবেদনকারীর ফোন নম্বর : মোবাইল নম্বর : ই-মেইল এড্রেস :	
৩.	গবেষণার শিরোনাম : ক. অনুষদ : খ. বিভাগ : গ. বিশ্ববিদ্যালয় :	
৪.	১. ক. তত্ত্বাবধায়কের নাম : খ. ঠিকানা : গ. মোবাইল নম্বর : ঘ. ই-মেইল এড্রেস :  ২. ক. সহযোগী তত্ত্বাবধায়কের নাম : খ. ঠিকানা : গ. মোবাইল নম্বর : ঘ. ই-মেইল এড্রেস :	
৫.	ক. গবেষণারত বিশ্ববিদ্যালয়ের নাম : খ. ঠিকানা : খ. প্রোগ্রামের নাম (এম.ফিল/পিএইচ.ডি/পোস্ট ডক্টোরাল) : গ. রেজিস্ট্রেশন নম্বর : ঘ. সেশনসহ সময়কাল : ঙ. বিশ্ববিদ্যালয়ে ভর্তির অনুমতিপত্রসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে :	
৬.	ক. চাকুরীরত প্রার্থীর ক্ষেত্রে প্রতিষ্ঠানের নাম : খ. ঠিকানা : গ. পদবী : ঘ. প্রতিষ্ঠান কর্তৃপক্ষের শিক্ষা ছুটি বিষয়ে অনুমতিপত্র এবং প্রত্যয়নপত্র :	

১  
Signature

১.	ইউজিসি অথবা গবেষণারত বিশ্ববিদ্যালয় অথবা অন্য কোন প্রতিষ্ঠান থেকে কোন প্রকার বৃত্তি অথবা আর্থিক অনুদান প্রাপ্ত হলে তার একটি অনুলিপি প্রমাণপত্র স্বরূপ সংযুক্ত করতে হবে :	
৮.	ইতোপূর্বে এ প্রোগ্রামের জন্য ইউজিসি থেকে কোন প্রকার আর্থিক অনুদান পেয়ে থাকলে তার বিস্তারিত বিবরণ : ক. প্রোগ্রামের নাম : খ. অনুদানের পরিমাণ : গ. তারিখ :	
৯.	ক. যে প্রোগ্রামের জন্য আর্থিক অনুদান চাওয়া হচ্ছে তার সুনির্দিষ্ট নাম : (যেমন: এম.ফিল/পিএইচ.ডি/পোস্ট ডক্টোরাল) খ. অনুদানের পরিমাণ (অংকে ও কথায়) প্রদান করতে হবে :	
১০.	ক. আবেদনকারী ফেলোকে গবেষণার সার সংক্ষেপ/ Abstract সংযুক্ত করতে হবে : খ. আবেদনকারী ফেলোর গবেষণা কাজ বর্তমানে কোন পর্যায়ে রয়েছে তার সঠিক তথ্য প্রদান করতে হবে। এক্ষেত্রে সুপারভাইজার কর্তৃক প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে :	

বিশেষ দৃষ্টব্যঃ

- ক) আবেদনপত্র অবশ্যই কমিশনের নির্ধারিত ফরম অনুযায়ী যথাযথভাবে পূরণ করতে হবে।
- খ) আবেদনপত্র তত্ত্বাবধায়কের সুপারিশক্রমে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় প্রধানের মাধ্যমে কমিশন অফিসে প্রেরণ করতে হবে।
- গ) ফেলো ইতোপূর্বে এ তহবিল হতে কোন প্রকার আর্থিক অনুদান পেয়ে থাকলে পরবর্তী ০২ (দুই) বছর অর্থাৎ ২৪ মাস সময় অতিক্রান্ত না হলে তাঁর আবেদনপত্র বিবেচনা করা যাবে না।

তত্ত্বাবধায়কের সুপারিশসহ স্বাক্ষর ও সীল

বিভাগীয় প্রধানের সুপারিশসহ স্বাক্ষর ও সীল

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ